

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৬৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. প্রথম অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

بَابُ السُّنَنِ وَقَضَائِلِهَا

আরবী

وَعَنْهَا قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «رَكْعَتَا الْفَجْرِ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا فِيهَا» . رَوَاهُ مُسلم

বাংলা

১১৬৪-[৬] উক্ত রাবী ['আয়িশাহ্ (রাঃ)] থেকে এ হাদীসটিও বর্ণিত। তিনি বলেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ ফাজ্রের (ফজরের) দু' রাক্'আত সুন্নাত সালাত (সালাত/নামায/নামাজ) দুনিয়া ও দুনিয়ার সকল জিনিসের চেয়ে বেশী উত্তম। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৭২৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (اخْيَدُ مِنَ الدُّنْيَا وَمَا فِيهَ) অর্থাৎ এ দুই রাক্'আত সালাতের সাওয়াব সারা দুনিয়া আল্লাহর পথে দান করার সাওয়াবের চাইতে বেশি। এ হাদীস দ্বারা প্রমাণ পেশ করা হয় যে, ফাজরের (ফজরের) দুই রাক্'আত সুন্নাত বিতর সালাতের চেয়ে উত্তম। কেননা বিতর সম্পর্কে বলা হয়েছে যে, তার সাওয়াব আল্লাহর রাস্তায় লাল উট দান করার সাওয়াবের চেয়ে উত্তম। পক্ষান্তরে ফাজরের (ফজরের) সুন্নাত সম্পর্কে বলা হয়েছে যে, তার সাওয়াব সারা দুনিয়ার সব কিছু দান করার সাওয়াবের চেয়ে উত্তম। অতএব বুঝা গেল যে, ফাজরের (ফজরের) দুই রাক্'আত সুন্নাত বিতরের সালাতের চেয়ে উত্তম। সঠিক বর্ণনা মতে ইমাম শাফি'ঈর নিকট বিতর সালাত ফজরের সুন্নাতের চেয়ে উত্তম। কেননা মুসলিমে আবু হুরায়রাহ্ (রাঃ) সূত্রে মারফ্' হাদীস বর্ণিত আছে যে, ফরয সালাতের পর সর্বোত্তম সালাত হল রাতের সালাত (সালাত/নামায/নামাজ)। আর বিতর সালাত রাতের সালাতের অন্তর্ভুক্ত। অতএব এর মর্যাদা অন্যান্য নফলের তুলনায় বেশি।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন